সমকাল

তারিখ 3 FEB 2017
পৃ: ৩ কলাম: ৪

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# ক্লাস-পরীক্ষা চালুর দাবিতে শিক্ষার্থীদের আলটিমেটাম

■ নিজস্ব প্রতিবেদক, *কুমিল্লা*

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ক্লাস ও পরীক্ষা অবিলম্বে চালু করতে শিক্ষক সমিতিকে ৭২ ঘণ্টার আলটিমেটাম দিয়েছেন আন্দোলনরত শিক্ষার্থীরা। বৃহস্পতিবার ক্যাম্পাসের কাঁঠালতলায় সমাবেশ থেকে এ আলটিমেটাম দেওয়া হয়। এদিন আন্দোলনরত শিক্ষার্থীদের সঙ্গে বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগও একাত্মতা প্রকাশ করে। পরে শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতিকে এ বিষয়ক স্মারকলিপি প্রদান করে।

স্মারকলিপির অনুলিপি উপাচার্য, বিভিন্ন অনুষদের ডিন, প্রক্টর ও বঙ্গবন্ধু পরিষদের কাছে জমা দেওয়া হয়। তবে শিক্ষক সমিতি এ স্মারকলিপি উপাচার্য বরাবর দেওয়ার পরামর্শ দিয়ে তা গ্রহণ করতে অপারগতা প্রকাশ করে।

এদিকে বঙ্গবন্ধু পরিষদের একাংশের ৬১ শিক্ষক নিরাপত্তাহীনতার কথা উল্লেখ করে গতকাল কুমিল্লা সদর দক্ষিণ থানায় জিডি করেছেন। বিষয়টি নিয়ে শিক্ষক সমিতির সভাপতি ড. মো. আবু তাহের বলেন, 'সাধারণ শিক্ষার্থী বা ছাত্রলীগ কোনো স্মারকলিপি দিলে সেটা উপাচার্য বরাবর দেবে। আমাদের শুধু তার অনুলিপি দিতে পারে, সে জন্য আমরা তাদের স্মারকলিপিটি গ্রহণ করিনি। শিক্ষকদের নিরাপত্তার কথা চিন্তা করে বঙ্গবন্ধু পরিষদের আহ্বানে আমরা ৬১ শিক্ষক থানায় জিডি করেছি। আমাদের চলমান দাবির বিষয়ে যেহেতু এখনও কোনো সমাধান হয়নি তাই আমরা আন্দোলন চালিয়ে যাব।'

## নিরাপত্তা চেয়ে শিক্ষকদের জিডি

অবশ্য উপাচার্য প্রফেসর ড. মো. আলী আশরাফ বলেছেন, 'শিক্ষকদের দাবির অধিকাংশই মেনে নেওয়ার আশ্বাস দেওয়া হয়েছে এবং সে হিসেবে কাজও হচ্ছে। কিন্তু তারা একটি বিষয় সমাধানের দ্বারপ্রান্তে চলে আসতেই নতুন আরেকটি দাবি উত্থাপন করছেন। ফলে পরিস্থিতি ঘোলাটে হচ্ছে। আমি শিক্ষার্থীদের ভবিষ্যতের কথা চিন্তা করে তাদের চলমান আন্দোলন প্রত্যাহার করে ক্লাস-পরীক্ষায় ফিরে যেতে শিক্ষক সমিতিকে অনুরোধ করছি।'